

যবিপ্রবিতে ছাত্রকে ছুরিকাঘাতের প্রতিবাদ

## নৈতিক অবক্ষয় ঠেকাতে হবে উপাচার্য

|| যশোর প্রতিনিধি

১০ সেপ্টেম্বর ২০১৮, ০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (যবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. আনোয়ার হোসেন বলেছেন, সমাজের নৈতিক অবক্ষয় ঠেকাতে হবে। অপরাধীদের বিচারের আওতায় আনতে হবে।

দুর্ভোগদের ছুরিকাঘাতে বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগের দুই ছাত্র গুরুতর আহত হওয়ার প্রতিবাদে গতকাল রবিবার দুপুরে যবিপ্রবির সাধারণ শিক্ষার্থীদের আয়োজিত মানববন্ধনে তিনি এ কথা বলেন।

### You May Like

Sponsored Links by Taboola



Choose a plane and play this Game for 1 Minute

Delta Wars



You can play this Game in your browser for free

Astro Conquest

মানববন্ধনে আরও বক্তৃতা দেন যশোর যবিপ্রবি শাখা ছাত্রলীগের সভাপতি সুব্রত বিশ্বাস, শেখ হাসিনা হল ছাত্রলীগের সাধারণ সম্পাদক হুমায়রা আজমিরা এরিন, শহীদ মসিয়ূর রহমান হল ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক সোহেল রানা, ফার্মেসি বিভাগের শিক্ষার্থী আরমান আহমেদ প্রমুখ।

উল্লেখ্য, গত ৬ সেপ্টেম্বর সন্ধ্যায় যশোর শহরের পৌর পার্কে ইভটিজিংয়ের প্রতিবাদ করায় যবিপ্রবির ফার্মেসি বিভাগের ছাত্র মাসুম বিল্লাহ ও শামীম হাসানকে দুর্বৃত্তরা ছুরিকাঘাত করে। তাদের মধ্যে মাসুম বিল্লাহ গুরুতর আহত। তাকে উন্নত চিকিৎসার জন্য ঢাকা মেডিক্যালের পাঠানো হয়েছে। মাসুম বিল্লাহের বাড়ি যশোর জেলার মনিরামপুরে আর শামীম হাসানের বাড়ি ঝিনাইদহের কোটচাঁদপুরে।